

কবি নজরুল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার্থীদের নিরাপত্তায় প্রয়োজনে ১৪৪ ধারা : ভিসি

■ ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি -
ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি
কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে
ভর্তি পরীক্ষাকে সামনে রেখে সংবাদ
সম্মেলন করেছেন বিশ্ববিদ্যালয়ের
ভিসি প্রফেসর ড. মোহীত উল আলম।
পতকাদ বৃথবার দুপুরে ভিসির
অফিস কক্ষে এ সংবাদ সম্মেলনের
আয়োজন করা হয়। সংবাদ
সম্মেলনে ভিসি প্রফেসর ড. মোহীত
উল আলম বলেন, বিশ্ববিদ্যালয়ের
ভর্তি পরীক্ষার সময় হরতাপের মতো
কর্মসূচি থাকলে শিক্ষার্থীদের
সুবিদার্থে পরীক্ষা স্থগিত করে নতুন
তারিখ ঘোষণা করা হবে। এ ছাড়া
ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার্থীদের
নিরাপত্তা দিতে ক্যাম্পাস ও
আশপাশের এলাকায় ১৪৪ ধারা
জারি করার পরিকল্পনা রয়েছে। ১৪৪
ধারা জারির বাপারে স্থানীয়
প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা
হয়েছে বলে জানান ভিসি। আসন
বিন্যাস, ফলাফল ও অন্যান্য
সংক্রান্ত তথ্য যথাসময়ে
বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট
www.jkkniu.edu.bd থেকে
পাওয়া যাবে। উল্লেখ্য, ভর্তি পরীক্ষা
২৪ থেকে ২৭ নভেম্বর অনুষ্ঠিত হবে।